

কৃতজ্ঞতা

১৯৯৬ সাল থেকে আসক প্রতিবছর *হিউম্যান রাইটস ইন বাংলাদেশ* নামে মানবাধিকার প্রতিবেদনটি ইংরেজি ভাষায় প্রকাশ করে আসছে। ২০০১ ও ২০০২-এ দু'বছর ইংরেজির পাশাপাশি তা বাংলায় প্রকাশিত হয়। দীর্ঘ বিরতির পর সারা হোসেন সম্পাদিত ২০০৮-এর প্রতিবেদনটি আবারও বাংলায় প্রকাশিত হলো। এ ব্যাপারে পাঠকদের কাছ থেকে যথোপযুক্ত সাড়া পাওয়া যাবে বলে আমাদের বিশ্বাস।

মানবাধিকার বাংলাদেশ ২০০৮ একটি বার্ষিক প্রতিবেদন হলেও, এটি শুধু উক্ত বছরের তথ্যের সঙ্কলন নয়, এর লেখাগুলো থেকে পাঠক ভাবনার খোরাক পাবেন। তা ইংরেজি প্রতিবেদনটির মতো বাংলার বেলায়ও প্রযোজ্য।

ইংরেজি থেকে বাংলায় তর্জমা করা বরাবরই একটি দুর্কহ কাজ। মূল বক্তব্যকে ঠিক রেখে তা বাংলায় পাঠকের জন্য সহজবোধ্য করে উপস্থাপন করতে যে অক্লান্ত পরিশ্রম করতে হয়েছে, তার কৃতিত্ব সর্বাগ্রে অনুবাদকদের। আসক-এর পক্ষ থেকে তাদেরকে জানাই আন্তরিক ধন্যবাদ।

মানবাধিকার বাংলাদেশ ২০০৮ সম্পাদনা করেছেন শাহীন আখতার। তার সম্পাদনায় বাংলা প্রতিবেদনটি হয়ে উঠেছে সাবলীল, আরো সহজবোধ্য। সম্পাদককে তথ্য সংশোধনে সহায়তা করেছেন এটিএম মোরশেদ আলম, শাহ আফ্রোদিতি পান্না এবং লুবানা রশিদ। সম্পাদকসহ তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। যৌনগত সংখ্যালঘু অধ্যায়টি সম্পাদনা করেছেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথ বিভাগের শিক্ষক ও লেখক নাসিমা সেলিম অলীক। ইংরেজি মূল ভাষ্যের অতিরিক্ত হিসেবে তিনি এখানে দুই প্যারার একটি অন্তঃটীকা সংযোজন করেছেন, যা উক্ত বিষয়ে স্বচ্ছ ধারণা পেতে সহায়ক হবে বলে আশা করি। নাসিমা সেলিম অলীকের প্রতি আমরা সবিশেষ কৃতজ্ঞ।

বইটি প্রকাশ করতে সর্বতোভাবে সহযোগিতা করেছেন কানিজ ফাতেমা সুরভী। পেজ মেক আপে ছিলেন অনিল চন্দ্র মন্ডল ও মোশারফ হোসেন, অক্ষর বিন্যাসে ছিলেন মোহসিন আলী ও রেজওয়ানুল হক, প্রুফ দেখেছেন মোহাম্মদ আলী। বইটির প্রচ্ছদ ংকেছেন মনন মোর্শেদ এবং প্রকাশ করেছে সাহিত্য প্রকাশ। আসক-এর পক্ষ থেকে সবাইকে আন্তরিক ধন্যবাদ।

সুলতানা কামাল
নির্বাহী পরিচালক